# উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ- জনাব, মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী

স্থান ঃ- ভাইস চেয়ারম্যান'র কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী

তারিখ ঃ- ১৮ আগস্ট ২০২১, সময়- সকাল ১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- 'ক', তে সন্নিবেশিত

## আলোচ্যসূচী-১ ঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদনঃ

জনাব মোঃ শাহীনুল হক, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী ও সদস্য সচিব, সভায় বিগত সভার কার্য বিবরনী পাঠ করে শোনান। আলোচনা ও পর্যালোচনা শেষে গত সভার কার্যবিবরনীতে কোনরূপ সংশোধন না থাকায় কার্যবিবরনী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং সকল সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করায় সদস্য সচিবকে ধন্যবাদ দেওয়া হয়।

## আলোচ্যসূচী-২ ঃ বিদ্যালয়ের ভবন পুন: নির্মান ও সম্পারনের লক্ষ্যে অগ্রাধিকার তালিকা প্রনয়ন সংক্রান্ত আলোচনাঃ

সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী ও সদস্য সচিব, সভায় জানান যে, অত্র গোদাগাড়ী উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে কক্ষ সংকটের কারনে অধিক ঝুকিপূর্ণ ভবনে পাঠদান চলছে এবং কোন কোন প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীর তুলনায় কক্ষ সংখ্যা পর্যাপ্ত না থাকায় স্বাভাবিক পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়া নব্য সরকারী করনকৃত অনেক বিদ্যালয়ে কাঁচা/আধাপাকা ভবনে অত্যান্ত ঝুকিপূর্ন পরিবেশে পাঠদান কার্যক্রম চালাতে হচ্ছে। বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন পূর্বক জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা প্রয়োজন; নতুবা যে কোন সময় মারাত্বক দূর্ঘটনা ঘটতে পারে।

**সিদ্ধান্তঃ-** বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা পর্যালোচনা শেষে প্রতীয়মান হয় যে, নিম্নোক্ত বিদ্যালয়ের ভবন সমূহ কোন ভাবেই মেরামত যোগ্য নয় এবং ভবন সমূহ বিদ্যমান রেখে উক্ত ভবনে পাঠদান কার্যক্রম চলমান রাখলে যে কোন মূহুর্তে বড় ধরনের দূর্ঘটনা ঘটার আশংকা আছে। বিধায় জরুরী ভিত্তিতে অত্র গোদাগাড়ী উপজেলায় বিদ্যালয়ের ভবন পুন:নির্মান ও সম্পারনের লক্ষ্যে নিম্নোক্ত রুপে অগ্রাধিকার তালিকা প্রনয়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হলো এবং যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। বিদ্যালয়ের ভবন পুন:নির্মান ও সম্পারনের লক্ষ্যে বিদ্যালয়ের অগ্রাধিকার তালিকা নিম্নরুপ:-

| কমিটির নাম | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত (স্থায়ী) কমিটি | বিলাসী সরঃ প্রাঃ বিদ্যাঃ | বিকল্প কোন ব্যবস্থা না থাকায় অত্যান্ত ঝুটিপূর্ণ ভাবে পরিত্যাক্ত ভবনে পাঠদান পরিচালনা করা হচ্ছে। |
| | প্রসাদপাড়া সরঃ প্রাঃ বিদ্যাঃ | বিকল্প কোন ব্যবস্থা না থাকায় অত্যান্ত ঝুটিপূর্ণ ভাবে পরিত্যাক্ত ভবনে পাঠদান পরিচালনা করা হচ্ছে। |

প্রস্তাবিত সিদ্ধান্তঃ উপরে বর্নিত আলোচ্য বিষয়ে উপজেলা মাসিক সাধারণ সভায় বিষয়টি উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রাথমিক শিক্ষার গুনগত মানোন্নয়নের লক্ষ্যে কমিটির সকল সদস্যকে সময় সুযোগমত বিদ্যালয় সমূহ পরিদর্শনের আহবান জানিয়ে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ আব্দুল মালেক)
সভাপতি-
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত (স্থায়ী) কমিটি
ও
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গোদাগাড়ী, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলী কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
গোদাগাড়ী, রাজশাহী

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নং-৪৬.০৩.৮১৩৪.৩০১.৯৯.১৮-১৯৬/৭ তারিখ- ১৮ আগস্ট ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ- (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)**

- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত কমিটি,গোদাগাড়ী, রাজশাহী।
- চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউনিয়ন পরিষদ,গোদাগাড়ী, রাজশাহী।
- চেয়ারম্যান, গোগ্রাম ইউনিয়ন পরিষদ,গোদাগাড়ী, রাজশাহী।
- উপজেলা সমাজসেবা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
- উপজেলা চেয়ারম্যানের ব্যক্তিগত সহকারী, উপজেলা চেয়ারম্যানের সদয় অবগতির জন্য, গোদাগাড়ী, রাজশাহী।
- উপজেলা নির্বাহী অফিসারের ব্যক্তিগত সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের সদয় অবগতির জন্য, গোদাগাড়ী, রাজশাহী।
- অফিস কপি।

(মোঃ শাহীনুল হক)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত (স্থায়ী) কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

১৮ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')

| ক্র:নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মো: আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী। | |
| ০২ | চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী। | |
| ০৩ | চেয়ারম্যান, গোগ্রাম ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী। | |
| ০৪ | উপজেলা সমাজসেবা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী। | |
| ০৫ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী। | |